



Higher Education Acceleration and Transformation Project (HEAT)

Project Identification Number: 12191



মার্কেটিং বিভাগ

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি

GSTU/MKT/HEAT/Recruitment/2026-01

Date: 19/02/2026

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য

নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন "Higher Education Acceleration and Transformation (HEAT)" শীর্ষক প্রকল্পের Window-2 এর আওতায় ২৪ মাস মেয়াদী গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগে বাস্তবায়নের জন্য অনুমোদিত "Enhancing Teaching-Learning Infrastructure and Environment at Marketing Department, GSTU to Develop Graduate with 4IR-Market-Relevant Skills for Leveraging the Demographic Dividend" শীর্ষক উপ-প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত নিম্নে বর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে।

পদের নাম	পদ সংখ্যা	সময়কাল	মাসিক বেতন (সর্বসাকুল্য)	শিক্ষাগত যোগ্যতা
অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার	০১	উপ-প্রকল্পের মেয়াদকালীন সময়	আলোচনা সাপেক্ষে	ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হতে হবে (মার্কেটিং বিভাগের শিক্ষার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে)। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। খ) অফিস প্রশাসন, নথি ব্যবস্থাপনা (Documentation) এবং ফাইল সংরক্ষণে অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটার ব্যবহারে (MS Word, Excel, Email) এবং টাইপিং-এ (বাংলা ও ইংরেজি) দক্ষ হতে হবে। ঘ) প্রজেক্ট সংশ্লিষ্ট কাজে ও e-GP সিস্টেমে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।
এ্যাকাউন্ট্যান্ট	০১	উপ-প্রকল্পের মেয়াদকালীন সময়	আলোচনা সাপেক্ষে	ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই হিসাবরক্ষণ, ভাউচার প্রস্তুত, বিল প্রসেসিং ও MS Excel ব্যবহারে দক্ষতা থাকতে হবে। গ) প্রার্থীকে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) প্রজেক্ট সংশ্লিষ্ট কাজে ও e-GP সিস্টেমে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।

কম্পিউটার অপারেটর	০১	উপ-প্রকল্পের মেয়াদকালীন সময়	আলোচনা সাপেক্ষে	ক) যেকোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে ন্যূনতম এইচএসসি (HSC) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) কারিগরি শিক্ষা বোর্ড/সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৩ মাসের কম্পিউটার কোর্স সনদ থাকতে হবে (কম্পিউটার বিষয়ে স্নাতক হলে অতিরিক্ত কম্পিউটার কোর্স থাকার প্রয়োজন নেই)। গ) কম্পিউটার ব্যবহারে বিশেষ করে MS Word, Excel, এবং ইন্টারনেট ব্রাউজিং-এ দক্ষ হতে হবে। বাংলা (বিজয় কিবোর্ড) ও ইংরেজিতে টাইপিং-এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে ও অফিসিয়াল নথি ব্যবস্থাপনা ও ফাইল সংরক্ষণে পারদর্শী হতে হবে। ঘ) প্রজেক্ট সংশ্লিষ্ট কাজে ও e-GP সিস্টেমে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।
অফিস সহায়ক- কাম-ডাটা এন্ট্রি অপারেটর	০১	উপ-প্রকল্পের মেয়াদকালীন সময়	আলোচনা সাপেক্ষে	ক) যেকোনো অনুমোদিত শিক্ষাবোর্ড হতে ন্যূনতম এসএসসি/সমমান ডিগ্রি থাকতে হবে। খ) অফিস কর্তৃক প্রদত্ত সকল কাজ করার মানসিকতা থাকতে হবে। গ) কম্পিউটার ব্যবহারে পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহঃ

১. আত্মহী প্রার্থীকে নিম্নোক্তস্বাক্ষরকারী বরাবর কাভার লেটার ও প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবিসহ ২ সেট আবেদনপত্র আগামী ফেব্রুয়ারি ২৬, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা ইমেইল যোগে Email: spm.pin12191@gstu.edu.bd অথবা অফিস চলাকালীন সময়ে সরাসরি মার্কেটিং বিভাগে, কক্ষ নং-৫২১, স্যার জগদীশ চন্দ্র একাডেমিক ভবন, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ঠিকানায় পৌছাতে হবে। আবেদন ফরম মার্কেটিং বিভাগের ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে। মার্কেটিং বিভাগের ওয়েবসাইট:- <https://www.gstu.edu.bd/dev/dept/?id=mkt>
২. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৩. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।
৪. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


19.02.2026

Dr. Md Hafizur Rahman
Sub-Project Manager (SPM)
HEAT: PIN-12191
GSTU-Gopalganj-8105

(ড. মো. হাফিজুর রহমান) সাব-প্রজেক্ট ম্যানেজার (SPM)

HEAT Project (PIN-12191)

মার্কেটিং বিভাগ, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।